



বিশাল

ভর্তুকি দিয়ে

স্বল্পমূল্যে সার সরবরাহ

সুখম সারে, ফলন বাড়ে।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা কৃষক দরদি বর্তমান প্রধানমন্ত্রী ক্ষমতা গ্রহণের পর হতেই কৃষকগণের নিকট সার যাতে সহজলভ্য হয় এবং মাঠপর্যায়ে কৃষকগণ প্রয়োজনীয় সার ব্যবহার করতে পারে সে লক্ষ্যে নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছেন। তার মধ্যে অন্যতম হলো ভর্তুকি দিয়ে নামমাত্র মূল্যে সারের দাম নির্ধারণ করা। তাছাড়া অভ্যন্তরীণ উৎপাদন সচল, যথাসময়ে সারের আমদানি সর্বোপরি সারের পর্যাপ্ত মজুদ নিশ্চিতকরণের জন্য তিনি কৃষি মন্ত্রণালয় ও শিল্প মন্ত্রণালয়কে অব্যাহতভাবে নির্দেশনা দিয়ে চলেছেন। ফলশ্রুতিতে কৃষি মন্ত্রণালয় এবং শিল্প মন্ত্রণালয়ের নিবিড় সমন্বয়ের মাধ্যমে সার্বিক সার পরিস্থিতি যাতে কৃষকগণের নিকট গ্রহণযোগ্য হয় সেরূপ বহুবিধ ব্যবস্থা গ্রহণ করে চলেছে।

কোভিড-১৯ অতিমারিতে বিশ্বব্যাপী যখন কঠোর লকডাউনে যোগাযোগব্যবস্থা প্রায় অচল এবং সারের মূল্য, জাহাজ ভাড়া এবং জ্বালানি তেলের মূল্য বৃদ্ধি পাওয়া সত্ত্বেও মাননীয় প্রধানমন্ত্রী সারের মূল্য বৃদ্ধি করেননি। সারের আন্তর্জাতিক বাজারমূল্য এবং দেশীয় বাজারে কৃষক পর্যায়ে বিক্রয়মূল্য নিম্নরূপ :

সারের নাম	কৃষকপর্যায়ে বিক্রয় মূল্য (টাকা/কেজি)	আন্তর্জাতিক বাজারমূল্য (টাকা/কেজি)	ভর্তুকির পরিমাণ (টাকা/কেজি)
ইউরিয়া	১৬.০০	৯৮.০০	৮২.০০
টিএসপি	২২.০০	৮৭.০০	৬৫.০০
ডিএপি	১৬.০০	৯৬.০০	৮০.০০
এমওপি	১৫.০০	৬৩.০০	৪৮.০০

জনগণের ট্যাক্সের টাকায় সার ক্রয় করে ভর্তুকিমূল্যে কৃষকপর্যায়ে সার সরবরাহ করা হচ্ছে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু-কিছু অসাধু মুনাফাখোর ব্যবসায়ী কোন-কোন জায়গায় সারের কৃত্রিম সংকট দেখিয়ে বেশি মূল্য আদায়ের চেষ্টা করছে। এদের প্রতি সতর্ক থাকার জন্য আহ্বান জানানো হচ্ছে। কোথাও বেশি মূল্যে সার বিক্রয়ের প্রচেষ্টা হলে স্থানীয় প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং স্থানীয় কৃষি বিভাগের সাথে তাৎক্ষণিক যোগাযোগের জন্য অনুরোধ করা যাচ্ছে। কোন ডিলার বেশি মূল্যে সার বিক্রয়ের সাথে জড়িত হলে তার লাইসেন্স বাতিলসহ কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ বিষয়ে বিস্তারিত জানতে নিকটস্থ উপজেলা কৃষি অফিস অথবা উপসহকারী কৃষি কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করুন।

প্রচারে :



কৃষি তথ্য সার্ভিস
www.ais.gov.bd



কৃষি মন্ত্রণালয়
www.moa.gov.bd

